# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
### Bengali Text Bulletin

**Date 05-10-2025** **Time: 7.50 P.M.**

১) টানা বৃষ্টি ও ভূমি ধ্বসে দার্জিলিং-এ ২০ জনের বেশি মানুষ প্রাণ হারিয়েছেন। গভীর শোক প্রকাশ রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও রাজ্যের মুখ্যমন্ত্রীর।

আগামীকাল পরিস্থিতি খতিয়ে দেখতে উত্তরবঙ্গে যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

২) উত্তরবঙ্গের পরিস্থিতির জেরে রেল আগামীকাল বেশকিছু ট্রেন বাতিল করেছে।

আগামী ২৪ ঘণ্টাতেও উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাষ।

৩) ভোটার তালিকার বিশেষ নীবিড় সংশোধনী SIR সংক্রান্ত কাজকর্ম খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের একটি প্রতিনিধি দল আগামী ৮ ও ৯-ই অক্টোবর রাজ্যের দুই জেলা সফর করবে।

৪) মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে কলকাতার রেডরোডে চলছে শারদোৎসবের কার্নিভাল।

উত্তরবঙ্গের ভায়ঙ্কর বিপর্যয় সত্ত্বেও কার্নিভালের কড়া সমালোচনা করেছে বিজেপি সহ বিরোধী দলগুলি।

৫) রাত পোহালেই কোজাগরী পূর্ণিমা। ঘরে ঘরে চলেছে লক্ষ্মী পুজোর প্রস্তুতি।

oooooooooooooooooooo

টানা বৃষ্টিতে ধ্বসে দার্জিলিং-এ ২০ জনের বেশী মানুষ প্রাণ হারিয়েছে। এর মধ্যে মিরিকে ১৩ জন, সুখিয়াপোখরিতে ৬ জন এবং বিজনবাড়িতে একজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। আহত চারজন উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। নিখোঁজ রয়েছেন একজন।

তিস্তা নদীর জলস্তর জাতীয় সড়কের ওপর দিয়ে বইছে। বন্ধ হয়ে গেছে শিলিগুড়ি ও সিকিমের মধ্যে যোগাযোগ রক্ষাকারী ১০ নম্বর জাতীয় সড়ক। মিরিকে দুধিয়া সেতু ভেঙে পড়েছে। ক্ষতিগ্রস্ত হয়েছে ঘরবাড়ি সহ একাধিক পরিকাঠামো। ভেসে গেছে চাষের জমি ও প্রচুর গবাদি পশু।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী র দার্জিলিংয়ে প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে রাষ্ট্রপতি, শোকসন্তপ্ত পরিবারগুলির প্রতি সমবেদনা জানিয়েছেন। উপরাষ্ট্রপতি তাঁর বার্তায় গভীর মর্ম বেদনা প্রকাশ করে আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

প্রধানমন্ত্রী সোশ্যাল মিডিয়ায় বাংলায় লেখা এক পোস্টে ক্ষতিগ্রস্তদের সবরকম সহায়তার আশ্বাস দিয়েছেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সামাজিক মাধ্যমের একটি পোস্টে দার্জিলিং-এ মৃতদের প্রতি গভীর শোকপ্রকাশ করে বলেন, জাতীয় বিপর্যয় ব্যবস্থাপন বাহিনীর কয়েকটি দল ঘটনাস্থলে পৌঁছেছে।আরও কিছু দল রওনা হওয়ার জন্য অপেক্ষা করছে। তিনি দার্জিলিং-এর সাংসদ রাজু বিস্তার সঙ্গে ক্ষয়ক্ষতি সম্পর্কে আলোচনা করেছেন।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গোও দুর্যোগে প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ

করেছেন।

**উত্তরবঙ্গের দুর্যোগ পরিস্থিতি খতিয়ে দেখতে আগামীকাল উত্তরবঙ্গ সফরে যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। বিকেল তিনটে নাগাদ তাঁর শিলিগুড়ি পৌঁছানোর কথা।**

০০০০০০০০০০০০০০০০০০০০০

একটানা ভারী বৃষ্টির জেরে উত্তরবঙ্গের নদীগুলিতে জলস্ফীতি দেখা দিয়েছে। কোচবিহারের মাথাভাঙা মানসাই নদীতে লাল সতর্কতা এবং তোর্সা নদীতে হলুদ সতর্কতা জারি রয়েছে।

জলঢাকা নদীর বাঁধ ভেঙে মাথাভাঙা এক নম্বর ব্লকের কেদারহাট গ্রাম পঞ্চায়েতের জোরশিমুলী এলাকা প্লাবিত। জল ঢুকেছে বহু বাড়িতে। এলাকার ৬-টি গ্রামে প্রায় ৮-শোর বেশি বাড়ি জলমগ্ন। জলে পড়ে গিয়ে নিখোঁজ হয়েছেন, ৬০ বছরের দয়ারাম বর্মন এবং ৯ বছরের মৃন্ময় বর্মন।

প্রশাসনের পক্ষ থেকে দুর্গত মানুষদের নিরাপদস্থানে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। উদ্ধার কাজে নামানো হয়েছে স্পীড বোট।

মাথা ভাঙা ২ নম্বর ব্লকে বন্যা পরিস্থিতি ভয়াবহ আকার নিয়েছে। ফুলবাড়ি খেতি এলাকায় জমগ্ন হয়েছে ১-শোর বেশি বাড়ি। বড় শোলমারি এবং রুইডাঙা গ্রাম পঞ্চায়েতের দুটি নদীর মাঝের চরে আটকে রয়েছেন ১-শোর বেশি পরিবার। ব্লক প্রশাসনের পক্ষ থেকে বিশেষ উদ্ধারকারী দল এবং স্পীড বোট পাঠিয়ে তাদের উদ্ধারের ব্যবস্থা করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০

কাজের সূত্রে উত্তরবঙ্গের সুখিয় পোখরি গিয়েছিলেন ডায়মন্ড হারবারের এক তরুণ। গতকাল পাহাড়ি নদীতে হড়পা বান ও ধস নামার পর থেকেই নিখোঁজ হয়ে গিয়েছেন তিনি। তাঁর নাম থানার কামারপোল এলাকায়। তিনি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের

সমাজতত্ত্ব বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র বছর ২৫ এর হিমাদ্রি পুরকাইত এর বাড়ি পারুলিয়া উপকূল । কখনও ট্যুর গাইড হিসেবে, কখনও স্বেচ্ছাসেবক হিসেবে বিভিন্ন পাহাড়ি এলাকায় কাজ করতেন।

পুজোর আগে, গত ২২ সেপ্টেম্বর বাড়ি থেকে বেরিয়ে সুখিয়া পোখরিতে গিয়েছিলেন। কিন্তু গতকালের পর থেকে হিমাদ্রির সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। এখনও তাঁর কোন খোঁজ মেলেনি। এই পরিস্থিতিতে উৎকন্ঠার মধ্যে রয়েছেন বন্ধু ও পরিবারের সদস্যরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি উত্তরবঙ্গে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর সঙ্গে যৌথভাবে কাজ করার জন্য রাজ্য সরকারের কাছে দাবি জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ কলকাতায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন,এটা কোনো রাজনীতি এবং অভিযোগ ও পাল্টা অভিযোগের সময় নয়। শ্রী অধিকারী অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী যে সংবেদনশীল নন তা কলকাতায় বিপর্যয়ে প্রমাণিত হয়েছে। মুখ্যমন্ত্রী অমানবিক ও অসংবেদনশীল। তার কাছে খেলা,মেলা,উৎসব অগ্রাধিকার। উল্লেখ্য, প্রবল বর্ষণে কলকাতায় ১২জনের মৃত্যুতে প্রত্যক্ষভাবে কলকাতার মেয়র ফিরাদ হাকিমকে দায়ী করে অবিলম্বে তার গ্রেপ্তারের দাবিতে বিজেপি আজ কলেজ স্কোয়্যার থেকে প্রতিবাদ মিছিল করে।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার নিহতদের শোকসন্তপ্ত পরিবারের পাশে দাঁড়ানোর আশ্বাস দিয়ে বলেছেন, কেন্দ্রীয় সরকার সবসময় দার্জিলিং-এর বিধ্বস্ত এলাকার মানুষের পাশে আছে।

(বাইট-সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গে প্রবল বর্ষণে উত্তরপূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ার ডিভিশনের বেশ কিছু অংশে রেল লাইনে জল জমে যাওয়ায় এখনো পর্যন্ত আগামীকালের জন্য ৯ টি ট্রেন বাতিল করা হয়েছে বলে উত্তর পূর্ব সীমান্ত রেল সূত্রের খবর। আগামীকাল যে সব ট্রেন বাতিল করা হচ্ছে সেগুলি হল শিলিগুড়ি জংশন - বামনহাট ইন্টারসিটি এক্সপ্রেস, শিলিগুড়ি জংশন - ধুবড়ি ইন্টারসিটি এক্সপ্রেস, শিলিগুড়ি জংশন - নিউ বঙ্গাইগাও ও শিলিগুড়ি জংশন - বামনহাট DMU, শিলিগুড়ি জংশন - আলিপুরদুয়ার জংশন ইন্টার সিটি এক্সপ্রেস, নিউ জলপাইগুড়ি - আলিপুরদুয়ার জংশন টুরিস্ট এক্সপ্রেস, নিউ জলপাইগুড়ি - বঙ্গাইগাঁও এক্সপ্রেস, শিলিগুড়ি জংশন - বালুরঘাট ইন্টারসিটি এক্সপ্রেস, বালুরঘাট - মালদা টাউন প্যাসেঞ্জার। ওই একই কারণে আজ বেশ কিছু দূরপাল্লার এক্সপ্রেস ট্রেনকে নির্দিষ্ট রুটের পরিবর্তে বিকল্প পথে চালানো হয় এবং কিছু ট্রেনের যাত্রা সংক্ষিপ্ত করা হয় বলে NF রেল সূত্রের খবর।

oooooooooooooooooooo

উত্তরবঙ্গে প্রাকৃতিক বিপর্যয়ের ফলে দার্জিলিং সহ বহু পর্যটন কেন্দ্রে বেশকিছু পর্যটক আটকে পড়েছেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সামাজিক মাধ্যম জানিয়েছেন, আপাতত কেউ যেন ফেরার জন্য তাড়াহুড়ো না করেন। তিনি আরও জানান, হোটেলগুলিতে পর্যটকদের কাছ থেকে বাড়তি ভাড়া যাতে না নেওয়া হয়, সে ব্যাপারে প্রশাসন নজরদারি চালাবে। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, যেসব পর্যটক দার্জিলিং-এ আটকে পড়েছেন, বা কোনরকম সাহায্য প্রয়োজন তাঁরা জেলা পুলিশের সঙ্গে যোগাযোগ করতে পারেন। শিলিগুড়িতে অপেক্ষারত পর্যটকদের নিরাপদে সরিয়ে আনতে বিশেষ বাস পরিষেবার ব্যবস্থা করেছে রাজ্য পরিবহণ দফতর। আজ তিনটি বিশেষ সুপার এক্সপ্রেস বাস, শিলিগুড়ির তেনজিং নোরগে সেন্ট্রাল বাস টার্মিনাস থেকে কলকাতার উদ্দেশ্যে, রওনা হয়েছে। দফতর সূত্রে জানানো হয়েছে, প্রয়োজনে আরও

বাসের ব্যবস্থা করা হবে। গভীর রাতে পর্যটকরা বাস টার্মিনাসে এসে পৌঁছলে সকালের সমস্ত পরিষেবা বাড়িয়ে কলকাতা পর্যন্ত চালানোর প্রস্তুতি নেওয়া হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গে বৃষ্টিতে বিধ্বস্ত দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলায় জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী স্থানীয় পুলিশ, প্রশাসন এবং দমকল বাহিনীর সঙ্গে যৌথভাবে ত্রাণ ও উদ্ধার কাজ চালাচ্ছে। দার্জিলিং মিরিখে তারা ৩ জনের মৃতদেহ উদ্ধার করেছে। বিষ্ণুলাল গ্রামে ভেঙে পড়া বাড়ি থেকে একজন মহিলাকে উদ্ধার করে মিরিখে সরকারী হাসপাতাল পাঠানো হয়েছে। ধসে আর কেউ চাপা পড়ে আছে কিনা, তা অনুসন্ধান করে দেখতে এন ডি আর এফ-এর দল।

জলপাইগুড়ির নাগরাকাটা ব্লকে বন্যা দুর্গত ১৬০ জনকে নিরাপদস্থানে সরিয়ে নিয়ে গেছে। উদ্ধার হয়েছে একজনের দেহ। বাহিনী সূত্রে জানানো হয়েছে, পরিস্থিতির ওপর তারা সতর্ক নজর রাখছেন এবং তাদের আরও কয়েকটি দলকে প্রস্তুত রাখা হয়েছে পরিস্থিতি অনুযায়ী উদ্ধার কাজে নামার।

এদিকে, নদীয়া জেলার কল্যাণী থেকে ৯০ জনেরও বেশি প্রশিক্ষিত কর্মী নিয়ে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী, এন ডি আর এফ-এর তিনটি দল উত্তরবঙ্গের বন্যা বিধ্বস্ত এলাকায় ত্রাণ ও উদ্ধার কাজ চালাচ্ছে। পাশাপাশি বিপন্ন মানুষদের কাছে প্রাথমিক চিকিৎসা পরিষেবা পৌঁছে দিচ্ছেন তারা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গের অবস্থা নিয়ে আকাশবাণীর প্রতিনিধির একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অশোক চৌরাশিয়া)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর পূর্ব বিহার এবং তৎসংলগ্ন এলাকায় ঘূর্ণাবর্ত অবস্থান করায় উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকায় ভারী থেকে অতি ভারী এবং কোথায় কোথাও অত্যন্ত ভারী বৃষ্টি হচ্ছে।

আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ড অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন আগামী ২৪ ঘন্টায় আলিপুরে দুয়ার এবং কোচবিহার জেলায় অত্যন্ত ভারী এবং জলপাইগুড়ি দার্জিলিং এবং কালিম্পং এ বিক্ষিপ্ত ভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

এদিকে দক্ষিণবঙ্গের পূর্ব মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় ভারী বৃষ্টি এছাড়া প্রায় সব জেলাতেই দমকা হাওয়া সহ বিক্ষিপ্ত ভাবে মাঝারি থেকে ভারী বৃষ্টি হবে। কলকাতাতেও এক-দু পশলা ভারী বৃষ্টি হতে পারে বলে তিনি জানান।

উল্লেখ্য, গত ২৪ ঘন্টায় উত্তরবঙ্গের ২৫ টি জায়গায় অত্যন্ত ভারী, অতি ভারী বৃষ্টি ৪১ টি এবং ৯ টি স্থানে ভারী বৃষ্টি রেকর্ড করা হয়েছে।

oooooooooooooooooooooooo

নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আগামী ৮ ও ৯ অক্টোবর রাজ্যের দুই জেলায় সফর করবে। কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী, ৮ অক্টোবর উত্তর ২৪ পরগনা এবং ৯ অক্টোবর পূর্ব মেদিনীপুরে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (SIR-2026) প্রস্তুতি ও অগ্রগতি খতিয়ে দেখবেন প্রতিনিধিরা। এই প্রতিনিধি দলের নেতৃত্বে থাকবেন ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী । তাঁর সঙ্গে থাকবেন সীমা খান্না, ডিরেক্টর জেনারেল (আইটি) এবং কমিশনের অন্য আধিকারিকরা। দুই জেলার বৈঠকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ও উপস্থিত থাকবেন।

৮ অক্টোবর বিকেল আড়াইটে উত্তর ২৪ পরগনার রাজারহাট জেলা পরিষদ অডিটোরিয়ামে প্রথম বৈঠক হবে। রাজারহাট নিউ টাউন ও রাজারহাট গোপালপুর বিধানসভা কেন্দ্রের নির্বাচনী আধিকারিক, এডিএম (ইলেকশন), ওসি (ইলেকশন), ইআরও, এইআরও, সুপারভাইজার ও বিএলওরা সেখানে উপস্থিত থাকবেন। একই দিন সন্ধ্যা সাড়ে পাঁচটায় বারাসত কালেক্টরেটে জেলার পদস্থ আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন কমিশনের প্রতিনিধিরা।

পরদিন ৯ অক্টোবর সকাল ১০টা থেকে পূর্ব মেদিনীপুর জেলার কোলাঘাট অডিটোরিয়ামে বৈঠক হবে। সেখানে পূর্ব মেদিনীপুর, বাঁকুড়া ও ঝাড়গ্রাম জেলার জেলা নির্বাচনী আধিকারিক, এডিএম (ইলেকশন), ওসি (ইলেকশন), ইআরও, এইআরও এবং

সিস্টেম ম্যানেজাররা অংশ নেবেন। বৈঠকে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন কার্যসূচির অগ্রগতি এবং প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা হবে।

দুই জেলার সফরের আগে সংশ্লিষ্ট জেলা দফতরগুলিকে ৭ অক্টোবরের মধ্যে প্রেজেন্টেশন আকারে অগ্রগতি প্রতিবেদন পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooo

শহরের সেরা পুজো গুলির বিসর্জন শোভাযাত্রা "দুর্গাপূজা কার্নিভাল" বিকেলে অনুষ্ঠিত হলো রেড রোডে। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, রাজ্য মন্ত্রিসভার অন্য সদস্যগণ, মুখ্য সচিব মনোজ পন্থ সহ উচ্চপদস্থ আধিকারিকগণ। বৃষ্টির জন্য কিছুটা অসুবিধা হলেও মোটের উপর নির্বিঘ্ন ছিল এই অনুষ্ঠান।

oooooooooooooooooooooo

প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত উত্তরবঙ্গের মানুষের পাশে না থেকে মুখ্যমন্ত্রী কার্নিভালে উৎসবে মেতেছেন বলে বিজেপি কটাক্ষ করেছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য বলেছেন, আজ কার্নিভালের নামে আনন্দ করার দিন নয়।

(বাইট-শমীক)

উত্তরবঙ্গের পরিস্থিতি ভুলে পুজো কার্নিভাল করায় মুখ্যমন্ত্রীর কড়া সমালোচনা করেছে সিপিআইএম-ও। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ মুর্শিদাবাদে একটি দলীয় সভায় যোগ দিয়ে বলেন, পাহাড় য়েখানে কাঁদছে, সেখানে মুখ্যমন্ত্রী উৎসব করছেন।

oooooooooooooooooooooooo

মা দুর্গার বিসর্জন পর্ব শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই বাঙালীর ঘরে ঘরে শুরু হয়েছে, কোজাগরী লক্ষ্মীপুজোর প্রস্তুতি। গৃহস্থের ঘরে ঘরে আগামীকাল হবে ঐশ্বর্য্য ও ধন

সম্পদের অধিষ্ঠাত্রী দেবীর আরাধনা। পূর্ণিমা তিথি পরের দিনও থাকায়, মঙ্গলবারও পুজো করবেন অনেকেই।

এদিকে, পুজোর আগে ফুল-ফল ও সবজির আগুন দামে গৃহস্থের নাকাল অবস্থা। এই চড়া দামের জন্য আবহাওয়ার খামখেয়ালীপনাকে দায়ী করছেন বিক্রেতারা।

অন্যদিকে, লক্ষ্মীপুজো উপলক্ষে কলকাতা মেট্রো আগামীকাল ব্লু লাইনে আপ ও ডাউন মিলিয়ে ২৭২-টির পরিবর্তে ২৩৬-টি ট্রেন চালাবে। বাকি সবকটি লাইনে অবশ্য পরিষেবা অপরিবর্তিত থাকছে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooo